

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, ডিসেম্বর ১৮, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌ-পরিবহন মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ১৫ই ডিসেম্বর ২০০২/১লা পৌষ ১৪০৯

এস,আর,ও নং ৩৫০-আইন/২০০২—Bangladesh Merchant Shipping Ordinance, 1983 (Ord. No. XXVI of 1983) এর section 308 এবং section 506 এ প্রদত্ত ক্রমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। সংক্ষিপ্ত শিরোনাম ও প্রয়োগ।—(১) এই বিধিমালা বাংলাদেশ বাণিজ্যিক জাহাজ (বেতার) বিধিমালা ২০০২ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা ৩০০ বা তদৰ্থ এস টন-এর বাংলাদেশের পতাকাবাহী সমুদ্রগামী বাণিজ্যিক জাহাজ এবং বাংলাদেশের জলসীমায় অবস্থানকারী সকল দেশী ও বিদেশী সমুদ্রগামী বাণিজ্যিক জাহাজের ক্ষেত্রে প্রযোজ্য হইবে :

তবে শর্ত থাকে যে, কোন যুক্ত জাহাজ বা উহার সাহায্যকারী জাহাজ এবং কোন বিদেশী রাষ্ট্রের মালিকানাধীন ব্যবসার উদ্দেশ্যে পরিচালিত নয়, এইরূপ জাহাজের ক্ষেত্রে এই বিধিমালা প্রযোজ্য হইবে না।

২। সংজ্ঞা।—বিষয় ১০ প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

- (ক) “ব্রিজ টু ব্রিজ যোগাযোগ” অর্থ সাধারণত যে স্থান হইতে জাহাজ পরিচালনা করা হয় উক্ত স্থান হইতে অন্য জাহাজের সহিত নিরাপত্তামূলক যোগাযোগ স্থাপন ;
- (খ) “সার্বক্ষণিক পর্যবেক্ষণ (Continous Watch)” অর্থ জাহাজের ধারক যন্ত্রের স্থলকালীন বিকলজনিত কারণে অথবা ইহার অভ্যন্তরীণ যোগাযোগের জন্য সৃষ্টি প্রতিবন্ধকতার কারণে বক্ষ, সাময়িক মেরামত ও পর্যবেক্ষণের সময় ব্যতীত সার্বক্ষণিক ‘Radio Watch’ ;

(৫১১১)

মূল্য : টাকা ৩.০০

- (গ) "মহাপরিচালক" অর্থ Bangladesh Merchant Shipping Ordinance, 1983 (Ord. No. XXVI of 1983), এর অধীন প্রতিষ্ঠিত সমুদ্র পরিবহন অধিদপ্তরের মহাপরিচালক ;
- (ঘ) "জাহাজ" অর্থ বাংলাদেশের প্রতাকাবাহী সকল সমুদ্রগামী বাণিজ্যিক জাহাজ এবং বাংলাদেশের জলসীমায় অবস্থানকারী সকল বিদেশী বাণিজ্যিক জাহাজ ;
- (ঙ) "ডিজিটাল সিলেকটিভ কলিং (DSC)" অর্থ ইন্টারন্যাশনাল রেডিও কনসালটেটিভ কমিটি (CCIR)-এর সুপারিশমালা অনুসারে ডিজিটাল কোড ব্যবহারের মাধ্যমে এক রেডিও স্টেশন হইতে অন্য এক বা একাধিক রেডিও স্টেশনের সহিত যোগাযোগ স্থাপন এবং তথ্য প্রদান ;
- (চ) "ডাইরেক্ট প্রিন্টিং টেলিগ্রাফী" অর্থ স্বয়ংক্রিয় টেলিগ্রাফী পদ্ধতি যাহার ইন্টারন্যাশনাল রেডিও কনসালটেটিভ কমিটি (CCIR)-এর সুপারিশমালা অনুসরণ করে ;
- (ছ) "সাধারণ রেডিও যোগাযোগ" অর্থ তথ্য বিনিময় এবং সর্বসাধারণের জন্য মতামত আদান-প্রদানের নিমিত্তে পরিচালিত বেতারের সাহায্যে যোগাযোগ স্থাপন, তবে বিপদ সংকেত, নিরাপত্তা ও জরুরী বার্তা আদান-প্রদান ইহার অন্তর্ভুক্ত নয় ;
- (জ) "ইনমার্সেট (INMARSAT)" অর্থ ১৯৭৬ সালের তৃতীয়বর্ষ আন্তর্জাতিক সামুদ্রিক সেটেলাইট সংহ্রা বিষয়ক কনভেনশন দ্বারা স্থাপিত একটি প্রতিষ্ঠান ;
- (ঝ) "আন্তর্জাতিক নেভটেক্স সার্ভিস (International NAVTEX Service)" অর্থ ৫১৮ KHz এ স্বয়ংক্রিয়ভাবে গৃহীত এবং সমর্পিতভাবে প্রচারিত সামুদ্রিক নিরাপত্তামূলক তথ্য, যা সকল ব্যাডে স্বয়ংক্রিয়ভাবে সরাসরি টেলিগ্রাফিক পদ্ধতিতে ইংরেজী ভাষায় ছাপা হয় ;
- (ঞ) "অবস্থান নির্ণয় (Locating)" অর্থ বিপদগ্রস্ত অবস্থায় জাহাজ, উড়োজাহাজ বা অন্য ভাসমান জিনিস কিংবা কোন ব্যক্তির অবস্থান নির্ণয় ;
- (ট) "নৌ-নিরাপত্তা তথ্য (Maritime Safety Information)" অর্থ নৌ এবং আবহাওয়া সম্পর্কিত সতর্কবাণী, আবহাওয়া সম্পর্কিত আগাম বার্তা এবং অন্যান্য জরুরী নিরাপত্তামূলক বার্তা যা জাহাজের জন্য সরবরাহ করা প্রয়োজন ;
- (ঠ) "মেরু প্রাতে ঘূর্ণয়মান কৃত্রিম উপগ্রহ সার্ভিস (Polar orbiting satellite service)" অর্থ মেরু প্রাতে ঘূর্ণয়মান কৃত্রিম উপগ্রহের উপর নির্ভরশীল একটি সার্ভিস, যাহা 'ইমারজেন্সি পজিশন ইনডিকেটিং রেডিও বিকলন' (EPIRB) এর মাধ্যমে উপগ্রহ থেকে দূর্যোগ সতর্কতা সংকেত প্রেরণ ও প্রচার করে এবং জাহাজের অবস্থান নির্ণয় করে ;
- (ড) "জি এম ডি এস এস (GMDSS)" অর্থ গ্লোবাল মেরিটাইম ডিস্ট্রেস এবং সেইফটি সিস্টেম ;
- (ঢ) "A1 সমুদ্রসীমা" অর্থ বাংলাদেশের কোন 'ডি.এইচ.এফ (VHF) কোষ্ট স্টেশন' হইতে ৩০ নটিক্যাল মাইল ব্যাসার্ধের মধ্যবর্তী এলাকা, যেখান থেকে সার্বক্ষণিক ডি.এস.সি সতর্কতা বার্তা পোওয়া সম্ভব ;
- (ত) "রেডিও অফিসার" অর্থ বেতার বিধিমালার আওতায় যথাযোগ্য সনদধারী ব্যক্তি ;

- (খ) "A2 সমন্বয়সীমা" অর্থ A1 সমন্বয়সীমার বাইরে বাংলাদেশের যে কোন MF কোস্ট স্টেশন থেকে ১০০ নটিকাল মাইল ব্যাসার্ডসম্পন্ন এলাকা, যেখান থেকে সার্বক্ষণিক ডি,এস,সি সতর্কতা বার্তা পাওয়া সম্ভব;
- (দ) "A3 সমন্বয়সীমা" অর্থ A1 এবং A2 সমন্বয়সীমার বাইরে ইনমারসেট জিও স্টেশনারী ক্রিম উপগ্রহের আওতাধীন সমন্বয় এলাকা যেখান থেকে সার্বক্ষণিক সতর্কতা বার্তা পাওয়া যায়;
- (ধ) "A4 সমন্বয়সীমা" অর্থ A1, A2, A3 সমন্বয়সীমা ব্যৱৃত্ত মেরু অঞ্চলসহ অন্য সকল সামুদ্রিক এলাকা;
- (ন) "সোলাস কনভেনশন" অর্থ আন্তর্জাতিক নৌ-সংস্থা (IMO) কর্তৃক গ্রহীত International Convention for the Safety of Life at Sea, 1974 (SOLAS)।

৩। জাহাজের প্রয়োজনীয় যোগ্যতা |—প্রত্যেকটি জাহাজকে জাহাজ হইতে জাহাজে অথবা তীরে (ship to ship or ship to shore) বিপদ বা সতর্কতা সংকেত, অনুসন্ধান ও উদ্ধার, দুর্ঘটনা কবলিত নৌযানের অবস্থান নির্ণয়সহ, উক্তার কার্য্য প্রয়োজনীয় যোগাযোগ, বিপদকালীন সময় ছাড়াও অন্যান্য সময়ে সকল প্রকার বেতার যোগাযোগ এবং সামুদ্রিক নিরাপত্তা সংক্রান্ত তথ্যাদি গ্রহণ ও প্রেরণের কার্যক্রমতাসম্পন্ন দুইটি পৃথক এবং স্বয়ংক্রিয় বেতার যন্ত্র দ্বারা সঞ্জিত হইতে হইবে।

৪। জাহাজের প্রয়োজনীয় যন্ত্রপাতি |—এই বিধিমালার অধীন প্রত্যেক জাহাজে নিম্নবর্ণিত বেতার যন্ত্রপাতি থাকিতে হইবে, যথা :—

- (ক) একটি ডি, এইচ, এফ (VHF) বেতার স্থাপনা যাহা নিম্নবর্ণিত বেতার তরঙ্গে বার্তা প্রেরণ ও গ্রহণে সক্ষম—

 - (অ) ১৫৬.৫২৫ মেগাহার্টজ (MHz) ফ্রিকোয়েন্সী (Frequency) সম্পন্ন ডি,এস,সি (DSC) (চ্যানেল নং ৭০) ; এবং
 - (আ) ১৫৬.৩০০ মেগাহার্টজ (চ্যানেল-৬), ১৫৬.৬৫০ মেগাহার্টজ (চ্যানেল-১৩) এবং ১৫৬.৮০০ মেগাহার্টজ (চ্যানেল-১৬) ফ্রিকোয়েন্সি সম্পন্ন রেডিও টেলিফোন ;

- (খ) ডি,এস,সি ওয়াচ রক্ষণ (Watch keeping) উপযোগী একটি বেতার স্থাপনা ;
- (গ) ৯ গিগাহার্টজ (GHz) ব্যাসার্ডসম্পন্ন একটি রাডার ট্রান্সপ্লার (Radar Transponder) ;
- (ঘ) আন্তর্জাতিক নেভটেক্স (NAVTEX) প্রচার সার্ভিস হইতে তথ্য গ্রহণে সক্ষম একটি প্রাইভেট যন্ত্র ;
- (ঙ) সামুদ্রিক নিরাপত্তামূলক তথ্য গ্রহণে সক্ষম INMARSAT enhanced group calling system সম্পন্ন রেডিও স্থাপনা :

তবে শর্ত থাকে যে, যে সকল এলাকায় "HF ডাইরেক্ট প্রিস্টিং টেলিফোনী" এবং এতদসংক্রান্ত যন্ত্রপাতি রহিয়াছে, সে সকল এলাকায় জাহাজকে INMARSAT enhance group calling system এর ব্যবস্থা হইতে অব্যাহতি প্রদান করা যাইতে পারে।

- (চ) একটি সেটেলাইট ইমারজেন্সী পজিশন ইন্ডিকেটিং রেডিও বিকল Satellite EPIRB, যাহা কৃতিম উপগ্রহ সর্ভিসের মাধ্যমে ৪০৬ মেগাহার্টজ ব্যালে বিপদ সতর্কতা সংকেত পাঠাতে সক্ষম এবং ইনমারসেট এলাকায় চলাচলকারী ১.৬ গিগাহার্টজ ব্যালের INMARSAT Geostationary Satellite Service-এর মাধ্যমে সতর্কতা সংকেত পাঠাতে সক্ষম।

৫। অব্যাহতিসমূহ (Exemptions) |—মহাপরিচালক (Director General) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, সমুদ্র যাত্রার ধরণ ও ব্যাস্তির উপর নির্ভর করিয়া বিধি ৪ এ উল্লিখিত যত্নপাতি কোন জাহাজে রাখার প্রয়োজন নেই, তবে সেইক্ষেত্রে কোন জাহাজকে তিনি উক্ত বিধিতে উল্লিখিত যত্নপাতি রাখার বিধান হইতে আবশ্যিক বা সম্পূর্ণরূপে অব্যাহতি প্রদান করিতে পারিবেন :

তবে শর্ত থাকে যে, এই সকল জাহাজ অবশ্যই বিধি-৩ অনুযায়ী কার্যক্ষমতার শর্তাবলী পূরণ করিবে এবং জাহাজের সার্বিক কার্যকর নিরাপত্তা ব্যবস্থা অঙ্কুন্ন থাকিবে।

৬। বেতার স্থাপনাসমূহ (Radio Installations) |—(১) প্রত্যেক জাহাজে উল্লিখিত বেতার যন্ত্রপাতি—

- (ক) এমন অবস্থানে স্থাপন করিতে হইবে যাহাতে কোন যান্ত্রিক, বৈদ্যুতিক অথবা অন্য কোন প্রকার ক্ষতিকারক প্রভাব উহার সুষ্ঠু ব্যবহারে ব্যাঘাত ঘটাইতে না পারে এবং বৈদ্যুতিক চুম্বকত্বসমূহ অন্যান্য যত্নপাতি ও সিস্টেমের ক্ষতিকারক প্রভাব হইতে মুক্ত থাকে;
- (খ) এমন অবস্থানে স্থাপন করিতে হইবে যাহাতে সর্বোচ্চ নিরাপত্তা ও ব্যবহার প্রাপ্যতা নিশ্চিত হয়;
- (গ) পানি, অতিরিক্ত উষ্ণতা ও আর্দ্রতা এবং অন্যান্য বিরুদ্ধ পরিবেশজাত অবস্থার ক্ষতিকারক প্রভাব বা ক্ষয়া হইতে সুরক্ষিত থাকিবে;
- (ঘ) স্থায়ী, নির্ভরযোগ্য এবং রেডিও কন্ট্রোল সহজে দেখা যাইবে এইরূপ পর্যাপ্ত আলোর ব্যবস্থা সম্পূর্ণ হইতে হইবে, যাহা জাহাজের মুখ্য ও জরুরী বৈদ্যুতিক শক্তির উৎস হইতে পৃথক হইবে;
- (ঙ) কলসাইন (Call sign), শিপ স্টেশন পরিচিতি এবং অন্যান্য প্রয়োজনীয় কোড লিপিবদ্ধ থাকিতে হইবে।

(২) সৌ-চলাচলের নিরাপত্তা বিধানের জন্য ডি.এইচ.এফ (VHF) রেডিও টেলিফোনের বিভিন্ন চ্যানেলের নিয়ন্ত্রণ নেভিগেশনাল স্রীজে সুবিধাজনক স্থানে এবং প্রয়োজনবোধে স্রীজের উইইংয়ে স্থাপন করিতে হইবে, তবে স্রীজের উইইং এ নিয়ন্ত্রণ স্থাপনের পরিবর্তে বহনযোগ্য ডি.এইচ.এফ (VHF) সেট ব্যবহার করা যাইতে পারে।

(৩) যাত্রীবাহী জাহাজে বিপদ সতর্কতা সংকেত প্রেরণের জন্য স্রীজে একটি নির্দেশকসহ বোতাম সম্প্রস্তুত “ডিস্ট্রেস প্যানেল” স্থাপন করিতে হইবে অথবা এইরূপ বিপদ সতর্কতা সংকেত পাঠানোর জন্য প্রত্যেক স্থাপনায় একটি করিয়া নির্দেশকসহ বোতাম থাকিতে হইবে এবং কোন বোতাম যাহাতে ভুলবশতঃ সঞ্চিত করা না যায় এইরূপ ব্যবস্থা থাকিতে হইবে।

(৪) উপ-বিধি (৪) এর বিধান মোতাবেক বিপদ সতর্কতা সংকেত পাঠানোর জন্য স্থাপিত Satellite EPIRB ব্যবস্থা থাকিবে এবং উক্ত (Satellite EPIRB) দ্রু নিয়ন্ত্রণ ব্যবস্থা সম্প্রস্তুত না হইলে স্রীজে সুবিধাজনক স্থানে আর একটি Satellite EPIRB স্থাপন করিতে হইবে।

(৫) যাত্রীবাহী জাহাজের অবস্থান সম্পর্কিত তথ্য সার্বক্ষণিক এবং স্বয়ংক্রিয়ভাবে সকল বেতার যোগাযোগ স্থাপনায় সরবরাহ করার ব্যবস্থা থাকিতে হইবে যাহাতে ডিস্ট্রেস প্যানেল বোতাম বা বোতামসমূহ চাপ দিলে প্রাথমিক বিপদ সতর্কতা সংকেতের সহিত জাহাজের অবস্থান সম্পর্কিত তথ্য পাওয়া সম্ভব।

(৬) যাত্রীবাহী জাহাজে ব্রীজের সুবাধাজনক স্থানে কোন বিপদ সংকেত গ্রহণের জন্য উক্ত জাহাজে সহজে দৃশ্যমান, শ্রবণযোগ্য এবং যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে বিপদ সতর্কতা সংকেত পাওয়া যায়, এইরূপ ব্যবস্থা সম্ভিলিত একটি "ডিস্ট্রেস প্যানেল" স্থাপন করিতে হইবে।

৭। সমুদ্রসীমা A1 এর মধ্যে চলাচলকারী জাহাজের বেতার যন্ত্রপাতি।—(১) বিধি ৬ এ যাহা কিছুই থাকুক না কেন সমুদ্রসীমা A1 এর মধ্যে চলাচলকারী জাহাজে নিম্নবর্ণিত ক্ষমতাসম্পন্ন বেতার স্থাপনা থাকিতে হইবে, যথা :—

- (ক) সাধারণ বেতার বার্তা আদান প্রদানে সক্ষম একটি DSC স্বযুক্ত VHF বেতার স্থাপনা ;
- (খ) ডি এস সি স্বযুক্ত MF, অথবা ডি এস সি স্বযুক্ত HF ;
- (গ) ইন্মারসেট জিও টেলিগ্রাফী সেটেলাইট সার্ভিস অথবা Satellite EPIRB.

৮। সমুদ্রসীমা A2 এর মধ্যে চলাচলকারী জাহাজের বেতার যন্ত্রপাতি।—সমুদ্রসীমা A2 এর মধ্যে চলাচলকারী জাহাজে বিধি-৭ এ বর্ণিত বেতার স্থাপনার অতিরিক্ত নিম্নবর্ণিত বেতার স্থাপনা থাকিতে হইবে, যথা :—

- (১) ডি এস সি এর মাধ্যমে ২১৮৭.৫ কিলোহার্টজ (KHz) এবং রেডিও টেলিফোনের মাধ্যমে ২১৮২ কিলোহার্টজে (KHz) তথ্য আদান প্রদানে ক্ষমতা সম্পন্ন বেতার স্থাপনা ;
- (২) কৃতিম উপগ্রহ সার্ভিসের মাধ্যমে জাহাজ হইতে জাহাজে অথবা ঠারে (ship to ship or ship to shore) বিপদ সতর্কতা সংকেত পাঠানোর জন্য ৪০৬ মেগাহার্টজ ক্ষমতা সম্পন্ন বেতার স্থাপনা।

৯। সমুদ্রসীমা A3 এর মধ্যে চলাচলকারী জাহাজের বেতার যন্ত্রপাতি।—সমুদ্রসীমা A1 এবং A2 এর বাহিরে এবং A3 এর মধ্যে চলাচলকারী জাহাজে বিধি-৭ ও ৮ এ বর্ণিত যন্ত্রপাতি থাকা সাপেক্ষে নিম্নবর্ণিত বেতার স্থাপনাগুলি থাকিতে হইবে, যথা :—

- (ক) একটি (INMARSAT Ship earth station (ISES) যাহা নিম্নবর্ণিত কার্যাবলী সম্পাদনে সক্ষম, যথা :—

 - (অ) ডাইরেক্ট প্রিন্টিং টেলিগ্রাফী দ্বারা বিপদ সংকেত এবং নিরাপত্তা বিষয়ক তথ্য আদান প্রদান ;
 - (আ) জরুরী বিপদ সংকেত প্রেরণ ও গ্রহণ ;
 - (ই) নির্দিষ্ট ভৌগোলিক এলাকায় প্রেরিত বিপদ সংকেতসহ সমুদ্র উপকূল হইতে জাহাজে প্রেরিত বিপদ সংকেত গ্রহণের নিমিত্তে সার্বক্ষণিক Watch keeping ;
 - (ঈ) রেডিও টেলিফোন অথবা ডাইরেক্ট প্রিন্টিং টেলিগ্রাফী দ্বারা সাধারণ বার্তা আদান-প্রদান।

- (খ) বিপদ ও নিরাপত্তাজনিত সংবাদ আদান-প্রদানে সক্ষম একটি MF রেডিও স্থাপনা যাহা ডি, এস,সি এর মাধ্যমে ২১৮৭.৫ KHz ফ্রিকোয়েন্সীতে ; এবং বেতার টেলিফোনী এর মাধ্যমে ২১৮২ KHz ফ্রিকোয়েন্সীতে কাজ করিতে সক্ষম ।
- (গ) একটি বেতার স্থাপনা যাতা উপ-বিধি ২(ক) এ বর্ণিত ডি, এস, সি এর সহিত সংযুক্ত অথবা পৃথক থাকিতে পারিবে এবং যাহা ২১৮৭.৫ KHz ফ্রিকোয়েন্সীতে ডি,এস,সি এর মাধ্যমে সার্বক্ষণিক পর্যবেক্ষণ করিতে সক্ষম ।
- (ঘ) একটি রেডিও সার্ভিস যাহা নিম্নবর্ণিত ব্যবস্থার মাধ্যমে জাহাজ হইতে জাহাজে অথবা তীরে (ship to ship or ship to shore) বিপদ সতর্কতা বার্তা আদান-প্রদান করিতে সক্ষম হইবে, যথা :—
- (অ) ৪০৬ মেগাহার্টজে মেরুতে ঘূর্ণায়মান (পোলার অরবিটিং) উপগ্রহ সার্ভিসের সাহায্যে জাহাজের নেভিগেটিং পজিশনের নিকট স্থাপিত অথবা দূর নিয়ন্ত্রণ (Remote Control)-এর মাধ্যমে চালু করার ব্যবস্থা সম্পূর্ণ একটি satellite EPIRB; অথবা
- (আ) HF ফ্রিকোয়েন্সীতে ডি,এস,সি এর ব্যবহারের মাধ্যমে ; অথবা
- (ই) একটি ইনমারসেট Geo Stationary satellite Service অথবা একটি satellite EPIRB যাহা জাহাজের নেভিগেটিং স্রীজের নিকট স্থাপিত অথবা দূর নিয়ন্ত্রণ ব্যবস্থার মাধ্যমে নিয়ন্ত্রিত ।
- (২) বিধি-৪ এ বর্ণিত যন্ত্রপাতি থাকা সাপেক্ষে সমন্বয়সীমা A1 এবং A2 এর বাইরে এবং A3 এর মধ্যে চলাচলকারী যে কোন জাহাজে উপ-বিধি-(১) এ বর্ণিত যন্ত্রপাতি স্থাপন না করিলে উক্ত জাহাজে নিম্নবর্ণিত যন্ত্রপাতি স্থাপন করিতে হইবে, যথা :—
- (ক) একটি MF অথবা HF রেডিও স্থাপনা যাহা নিম্নবর্ণিত ব্যবস্থার মাধ্যমে বিপদকালীন ও নিরাপত্তা ফ্রিকোয়েন্সীতে ১৬০৫ KHz এবং ৪০০০ KHz এবং ৪০০০ KHz এবং ২৭৫০০ KHz এর মধ্যে নিম্নবর্ণিত ব্যবস্থার মাধ্যমে নিরাপত্তার উদ্দেশ্যে তথ্য আদান-প্রদানে সক্ষম, যথা :—
- (অ) ডিএসসি ব্যবহার করে ;
- (আ) রেডিও টেলিফোনী ব্যবহার করে ; এবং
- (ই) ডাইরেক্ট প্রিন্টিং টেলিগ্রাফী ব্যবহার করে ; এবং
- (খ) উপ-বিধি ২(ক) এ বর্ণিত যন্ত্রপাতির সহিত সংযুক্ত অথবা পৃথক একটি বেতার যন্ত্র যাহা ২১৮৭.৫ KHz এবং ৮৪১৮.৫ KHz-এ ডি,এস,সি ওয়াচ এবং ৪২০৭.৫ KHz, ৬৩১২ KHz, ১২৫৭৭ KHz অথবা ১৬৮০৮.৫ KHz এর যে কোন একটি ফ্রিকোয়েন্সীতে দূরোগ ও নিরাপত্তা ওয়াচ রক্ষা করিতে সক্ষম ;
- (গ) এইচএফ ব্যূতীত অন্যান্য যোগাযোগ মাধ্যমে যাহা নিম্নবর্ণিত ব্যবস্থার মাধ্যমে জাহাজ হইতে তীরে বিপদ সতর্কতা সংকেত আদান-প্রদান করিতে সক্ষম হইবে, যথা :—
- (অ) ৪০৬ মেগাহার্টজ ক্রমতাসম্পন্ন মেরুতে ঘূর্ণায়মান স্যাটেলাইট সার্ভিস অথবা স্যাটেলাইট EPIRB যাহা জাহাজের নেভিগেটিং পজিশনের নিকট স্থাপিত যাহা দূর নিয়ন্ত্রণের মাধ্যমে ব্যবহৃত করা যায় ; অথবা
- (আ) একটি INMARSAT ship earth station (ISES) অথবা স্যাটেলাইট EPIRB যাহা জাহাজের নেভিগেটিং স্রীজের নিকট স্থাপিত এবং দূর নিয়ন্ত্রণ ব্যবস্থার মাধ্যমে নিয়ন্ত্রিত ;

(ঘ) রেডিও টেলিফোনী এবং ডাইরেক্ট প্রিন্টিং টেলিফোনীর মাধ্যমে সাধারণ বার্তা আদান-প্রদানের জন্য একটি MF এবং একটি HF রেডিও স্থাপনা যাহা যথাত্মে ১৬০৫ KHz ও ৮০০০ KHz এবং ৮০০০ KHz হইতে ২৭৫০০ KHz ফ্রিকোয়েন্সীর মধ্যে কাজ করিতে সক্ষম।

১০। সমন্বয়সীমা A4 এর মধ্যে চলাচলকারী জাহাজের বেতার যন্ত্রপাতি—(১) সামুদ্রিক এলাকা A1 হইতে A4 এ চলাচলকারী জাহাজের ক্ষেত্রে বিধি ৪-এ এর বর্ণিত যন্ত্রপাতি থাকা সাপেক্ষে ৭, ৮ ও ৯-এ উল্লেখিত সকল বেতার স্থাপনা ও যন্ত্রপাতি থাকিতে হইবে।

১১। সার্বক্ষণিক পর্যবেক্ষণ (Continuous Watch Keeping)—Standard of Training Certification and Watch Keeping (STCW) Convention, 1995 এবং সোলাস কনভেনশন এর বিধান মোতাবেক সমন্ব্য অবস্থানকারী সময় সকল জাহাজ সার্বক্ষণিক পর্যবেক্ষণ রক্ষা করিবে।

১২। শক্তির উৎস।—সোলাস কনভেনশন অনুযায়ী সকল জাহাজে বৈদ্যুতিক শক্তির উৎস থাকিতে হইবে।

১৩। কার্যসম্পাদনের মান।—এই বিধিমালার বিধান মোতাবেক স্থাপিত বেতার যন্ত্রপাতি আন্তর্জাতিক স্নো-স্ট্র্যাচ (IMO) কর্তৃক গৃহীত মান অনুযায়ী হইতে হইবে।

১৪। বেতার যন্ত্রপাতি রক্ষণাবেক্ষণ।—(১) সমন্বয়সীমা A3 এবং A4 এর মধ্যে চলাচলকারী জাহাজে স্থাপিত বেতার যন্ত্রপাতির কার্যকারিতা নিশ্চিতকরণে নিম্নের যে কোন একটি পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) সমন্বয়সীমা A3 ও A4 এলাকায় চলাচলকারী জাহাজে বিধি ৯ ও ১০ এর বিধান মোতাবেক স্থাপিত যন্ত্রপাতির কার্যকারিতা নিশ্চিতকরণে এবং বিধি ১৩ এর বিধান যথাযথ প্রতিপালনে নিম্নরূপ যন্ত্রপাতি দ্বিতীয় স্থাপন করিতে হইবে, যথা:—

(অ) সমন্বয়সীমা A3 এলাকায় চলাচলকারী জাহাজে একটি ডি,এইচ,এফ (VHF) বেতার স্থাপনা, একটি এম,এফ (MF)/এইচ, এফ (HF) বেতার স্থাপনা অথবা একটি ইনমারসেট শিপ আর্থ স্টেশন স্থাপন করিতে হইবে;

(আ) সমন্বয়সীমা A3 এবং A4 এলাকায় চলাচলকারী জাহাজে এবং যে সকল জাহাজ সমন্ব্য এলাকা A4 এর মধ্যে মাঝে মাঝে চলাচল করে সেই সকল জাহাজে একটি ডি,এইচ,এফ (VHF) বেতার স্থাপনা,

একটি এম,এফ (MF)/এইচ,এফ (HF) বেতার স্থাপনা অথবা একটি ইনমারসেট শিপ আর্থ স্টেশন স্থাপন করিতে হইবে;

(ই) উপ-দফা (অ) এবং (আ)-তে বর্ণিত বেতার স্থাপনার প্রত্যেকটির সহিত একটি করিয়া পৃথক এন্টেনা সংযুক্ত করিতে হইবে এবং উহা সার্বক্ষণিক কাজের জন্য প্রস্তুত থাকিবে।

- (খ) জাহাজে স্থাপিত বেতার যন্ত্রপাতির মেরামতের রক্ষণাবেক্ষণের জন্য মহাপরিচালকের নিকট গ্রহণযোগ্য 'আন্তর্জাতিক রক্ষণাবেক্ষণ ও মেরামত চুক্তি' থাকিতে হইবে এবং উহা জাহাজের Safety Radio Equipment Survey এর সময় প্রদর্শন করিতে হইবে; অথবা
- (গ) জাহাজে স্থাপিত বেতার যন্ত্রপাতি মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য মহাপরিচালক কর্তৃক প্রদত্ত প্রয়োজনীয় যোগাতাসস্পন্দন সনদধারী একজন রক্ষণাবেক্ষণকারী কর্মকর্তা থাকিতে হইবে।

১৫। বেতার কর্মী—(১) প্রত্যেক জাহাজে বিগদ এবং নিরাপত্তা বিষয়ক বেতার সংকেত বা বেতার যোগাযোগ স্থাপনে সক্ষম উপ-বিধি (২) এ উল্লিখিত সনদধারী এক বা একাধিক বেতার কর্মী থাকিতে হইবে।

(২) বেতার কার্যে নিয়োজিত প্রত্যেক বেতার কর্মীকে মহাপরিচালক কর্তৃক অনুমোদিত বিধানাবলী সাপেক্ষে নিম্নে উল্লিখিত যে কোন একটি শ্রেণীর সনদের অধিকারী হইতে হইবে, যথা:—

- (ক) প্রথম শ্রেণীর রেডিও ইলেক্ট্রনিক সনদ ;
- (খ) দ্বিতীয় শ্রেণীর রেডিও ইলেক্ট্রনিক সনদ ;
- (গ) জেনারেল অপারেটরের সনদ ;
- (ঘ) রেস্ট্রিকটেড অপারেটরের সনদ।

১৬। বেতার নথিগত লিপিবদ্ধকরণ—প্রত্যেক জাহাজ আন্তর্জাতিকভাবে অনুসরণীয় নিয়ম অনুযায়ী নিম্নবর্ণিত ঘটনা এবং সময় উল্লেখসহ বিপদ এবং নিরাপত্তা বিষয়ক বেতার যোগাযোগের ঘটনা নথিপত্রে লিপিবদ্ধ করিবে; যথা:—

- (ক) বিপদ, তাৎক্ষণিক করণীয় এবং নিরাপত্তা বিষয়ক রেডিও যোগাযোগ সম্পর্কিত সার-সংক্ষেপ ;
- (খ) রেডিও সার্ভিস সম্পর্কিত গুরুত্বপূর্ণ ঘটনা ;
- (গ) প্রয়োজনীয় ক্ষেত্রে প্রতিদিন অন্ততঃপক্ষে একবার জাহাজের নিজস্ব অবস্থান ;
- (ঘ) শক্তির উৎসসহ বেতার যন্ত্রপাতির অবস্থা সম্পর্কে একটি সার-সংক্ষেপ প্রস্তুতকরণ।

১৭। নিয়ন্ত্রণ (Control)—এই বিধিমালা অনুযায়ী কোন জাহাজে প্রয়োজনীয় বেতার যন্ত্রপাতি না থাকিলে অথবা যদি কোন জাহাজ এই বিধিমালার কোন বিধান লংঘন করে বা Standard of Training Certification and Watch Keeping (STCW) Convention, 1995 অনুসরণ না করে, তাহা হইলে সেই সকল জাহাজকে সম্মত যাত্রার অনুমতি দেওয়া হইবে না।

রাষ্ট্রপতির আদেশক্রমে

তাজুল ইসলাম খান
যুগ্ম-সচিব।

আবদুল মালেক, উপ-নিয়ন্ত্রক (ভারপ্রাণ), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢেক্সাও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ করমস্ত ও প্রকাশনী অফিস,
ডেক্সাও, ঢাকা কর্তৃক প্রকাশিত।